

Information for parents after a stillbirth

মৃত বাচ্চা প্রসবের পর বাবা মায়েদের জন্য তথ্য

➢ Bengali
➢ জানুয়ারি ২০২০

প্রায় ক্ষেত্রেই মৃত বাচ্চা একটি অপ্রত্যাশিত ব্যাপার৷ বাবা মা হিসেবে এটি আপনার জন্য একটি হৃদয়বিদারক অভিজ্ঞতা৷ এই তথ্য আপনাকে এবং আপনার পরিবারকে কঠিন সিদ্ধান্তগুলো নিতে সহায়তা করবে৷ আপনি যখন শুনবেন যে আপনার বাচ্চা মারা যাবে, কিংবা মারা গেছে, তখন সমাজ কর্মী আপনাকে নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে নির্দেশনা এবং সহায়তা প্রদান করতে পারেন:

- পরবর্তী করনীয়
- আপনার বাচ্চার সাথে সময় কাটানো
- বাচ্চার স্মৃতি রেখে দেওয়া
- শেষকৃত্যের ব্যবস্থা করা
- আর্থিক সহায়তা
- জন্মসনদ
- ময়না তদন্ত
- শোক সংক্রান্ত সেবা

পরবর্তী করনীয়

হাসপাতালের একটি ওয়ার্ডে সিঙ্গেল রুমে আপনাকে ভর্তি করা হবে। ডাক্তার, নার্স এবং সমাজ কর্মীরা আপনার বাচ্চা প্রসবের পরিকল্পনা নিয়ে আলোচনা করতে আপনার সাথে দেখা করবেন। আপনি সহায়তার জন্য সাথে কাউকে রাখতে পারেন যেমন আপনার স্বামী কিংবা পরিবারের অন্য কোনো সদস্য যিনি হাসপাতালে আপনার সাথে থাকবেন।

আপনার বাচ্চার সাথে সময় কাটানো

আপনি আপনার বাচ্চাকে দেখতে চাইতে পারেন। হাসপাতালের কর্মী এবং সমাজ কর্মী আপনার বাচ্চা দেখতে কেমন তা বলবেন যাতে করে আপনি এ ব্যাপারে প্রস্তুতি নিতে পারেন। কর্মীরা আপনার বাচ্চাকে কাপড় পরিয়ে একটি কম্বলে মুড়িয়ে দিতে পারেন যাতে করে আপনি তার সাথে সময় কাটাতে পারেন। অনেক বাবা মাই বলেছেন এই অভিজ্ঞতা তাদেরকে শোক করতে এবং বাচ্চার স্মৃতি রেখে দিতে সাহায্য করেছে।

বাচ্চার সাথে আপনি কতটুকু সময় কাটাতে চান সেই সিদ্ধান্ত আপনিই নিবেন। হাসপাতালের কর্মীরা আপনার পরিবারের আকাজ্ফাকে প্রাধান্য দেবেন।

পরিবারের অন্যান্য সদস্যরাও আপনার বাচ্চাকে আদর করার জন্য দেখতে চাইতে পারেন। বাবা মা হিসেবে আপনারাই সিদ্ধান্ত নেবেন কে আপনার বাচ্চাকে দেখতে পারবে। আপনি চাইলে একটি আশীর্বাদ অনুষ্ঠান করার জন্য আপনাদের স্থানীয় ধর্মীয় নেতার সাথে যোগাযোগ করতে পারেন। সমাজ কর্মী হাসপাতালে আপনার রুমে একান্তে কিংবা হাসপাতাল চ্যাপেলে এই অনুষ্ঠান করার ব্যবস্থা করে দিতে পারবেন।

আপনার বাচ্চার স্মৃতি রেখে দেওয়া

বাচ্চার স্মৃতি রেখে দিলে তা আপনার দুঃখ লাঘব করতে পারে। স্মৃতির মধ্যে থাকতে পারে একটি মেমোরি বক্স যাতে বাচ্চার বিস্তারিত (যেমন তার ওজন এবং দৈর্ঘ্য), তার কট কার্ড, রিষ্ট ব্যান্ড, হাত ও পায়ের ছাপ, এক গোছা চুল কিংবা তার ছবি। এছাড়াও আপনি বাচ্চার সাথে সময় কাটাতে চাইতে পারেন, তাকে গোসল করিয়ে কাপড় পরিয়ে আপনার নিজের মত করে ছবি তুলতে চাইতে পারেন। সমাজ কর্মী আপনাকে এই স্মৃতিগুলো রাখার ক্ষেত্রে সাহায্য করতে পারেন। শেষকৃত্যের ব্যবস্থা করা

যদি আপনার গর্ভকাল ২০ সপ্তাহের বেশী হয়ে থাকে কিংবা যদি বাচ্চার গর্ভকালীন বয়স জানা না থাকে এবং তার ওজন ৪০০ গ্রামের বেশী হয়ে থাকে তাহলে

বাচ্চার শেষকত্য করা আইনগতভাবে আবশ্যক।

অনেক পরিবার বাচ্চার জীবনের প্রতি সম্মান দেখিয়ে একটি শেষকৃত্য অনুষ্ঠানের আয়োজন করতে চায়। একজন অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালক নিযুক্ত করার আগ পর্যন্ত আপনার বাচ্চাকে হাসপাতালের মর্গে রেখে দেয়া হবে। অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালক আপনার বাচ্চাকে হাসপাতাল থেকে নিয়ে যাওয়ার আগ পর্যন্ত আপনি যেকোনো

পর্যায়ে আপনার শিশুর সাথে সময় কাটাতে পারেন।

আপনার নিযুক্ত অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালক বাচ্চার মৃত্যু সনদপত্র নিবন্ধনের জন্য Registry Office of Births, Deaths and Marriages এ পাঠিয়ে

দেবেন।

আর্থিক সহায়তা

শেষকৃত্যের খরচ মেটানো এবং চাকরী থেকে কিছু দিন অবসর নেওয়ার জন্য আপনি আর্থিক সহায়তার আবেদন করতে পারেন। আপনার মিডওয়াইফ আপনাকে

Family Tax Benefit Bereavement Payment এবং Maternity Allowance এর জন্য একটি Centrelink ফর্ম দেবেন। আপনার কোন প্রশ

থাকলে আপনি Centrelink কে ১৩৬ ১৫০ নম্বরে ফোন করতে পারেন।

জন্ম সনদপত্র

আপনার মিডওয়াইফ আপনাকে জন্ম নিবন্ধনের জন্য আবেদন পত্রের একটি কপি দেবেন। আপনাকে এই আবেদন পত্রটি পুরণ করে ডাকযোগে পাঠিয়ে দিতে হবে

কিংবা জন্ম নিবন্ধন অফিসে গিয়ে জমা দিতে হবে। জন্ম নিবন্ধনের অফিস এবং চিঠি পাঠানোর ঠিকানা ফর্মের পেছনে দেওয়া আছে।

ময়না তদন্ত

মৃত্যুর কারণ নির্ধারণের জন্য আপনি কোনো পরীক্ষা করাতে চান কিনা সে ব্যাপারে মেডিক্যাল টিম আপনার সাথে আলোচনা করতে পারেন। কোনো কোনো বাবা মা

মৃত্যুর কারণ বংশগত কিনা তা জানতে চান। এটি সম্পূর্ণ আপনার সিদ্ধান্ত। এক্ষেত্রে সবসময়ই যে পরীক্ষার ফলাফলে উত্তর খুঁজে পাওয়া যাবে তা নয় এবং এতে

কিছুটা সময় লাগতে পারে। ফলাফল এসে গেলে মেডিক্যাল টিম পরবর্তী একটি সাক্ষাতকারে আপনাকে সেগুলো দেবেন।

শোক সংক্রান্ত সেবাকর্ম

Red Nose Grief and Loss

শোক সহায়তা (২৪ ঘন্টা)

ফোন: 1300 308 307

www.rednosegriefandloss.com.au

ইমেইল: support@rednose.com.au

Bears of Hope

গর্ভধারণ এবং নবজাতকের মৃত্যু সংশ্লিষ্ট সহায়তা

ফোন: 1300 114 073

www.bearsofhope.org.au

Sands Australia

Sands সাপোর্ট লাইন

ফোন: 1300 072 637

www.sands.org.au

ইংরেজি বুঝতে কিংবা কথা বলায় সহায়তার প্রয়োজন হলে পেশাদার দোভাষীর ব্যবস্থা রয়েছে। আপনি আপনার কোনো বন্ধু কিংবা পরিবারের একজন সদস্যকে

সাথে রাখতে পারেন, তবে আপনার পরিচর্যা সংক্রান্ত সকল আলোচনা একজন পেশাদার দোভাষীর মাধ্যমে হতে হবে। দোভাষী পরিষেবা বিনামূল্যে দেওয়া হবে এবং গোপনীয়তা বজায় রাখা হবে। আপনাকে যদি দোভাষী দেওয়া না হয় সেক্ষেত্রে তা চেয়ে নেওয়ার অধিকার আপনার আছে। কর্মীরা আপনার জন্য একজন

দোভাষীর ব্যবস্থা করে দেবেন।

St George Hospital কপ্যুমার অ্যাডভাইজরি গ্রুপ ডিসেম্বর ২০১৭ কর্তৃক পর্যালোচিত